মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১০ আগস্ট ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৮৪	১৯০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৫৫	৯৪৩
মোট	২,৫৭২	১,৪৩৯	১,১৩৩

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	৪২	৩২	৬৩	৫১	১৯০
দুর্নীতি দমন কমিশন	-	-	৩১৬	২১৯	২৮২	১২৬	৯৪৩
মোট	২	-	৩৫৮	২৫১	৩৪৫	১৭৭	১,১৩৩

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	৪	-	(১) ৩-৪ জুলাই ২০২৬ মেয়াদে যশোর ও খুলনা জেলা এবং ৩০-৩১ জুলাই ২০২৬ মেয়াদে সুনামগঞ্জ জেলা সফর করেন।
	সচিব, সমন্বয় ও সংস্কার		-
	-	-	
	অতিরিক্ত সচিব		-
	-	-	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	১	-	১ জুলাই ২০২৬ তারিখে বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয় বরিশাল-এর ভবন নির্মাণ পরিদর্শন, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সঙ্গে মতবিনিময় করেন।

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	৯৮	-	-
2. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১১২.১৮	-	-
3.Strengthening SBCC Delivery System in Social Protection	৪৪.৯২	০.৮৬ (১.৯১ শতাংশ)	
4. Strengthening Shock Responsive and Nutrition Sensitive Social protection Programmes (SSRNSSPP)	৪২৫.৫২	৩৭.২৩ (৮.৭৫ শতাংশ)	
মোট	৬৮০.৬২	৩৮.০৯ (৫.৬০ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি:

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	-	-	-	১৪টি	বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	২৫টি	৫৮.৯৯	৬টি	১১টি	১৪টি	-
মোট	৩৯টি	৫৮.৯৯	৬টি	১১টি	২৮টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	৪	-	১	-	১	২	২
দুর্নীতি দমন কমিশন	১৫	-	-	-	-	১৫	-
মোট	১৯	-	-	-	-	১৭	২

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১.	কমিশনের কার্যক্রম সংশ্লিষ্ট আইন ও বিধির পরিচিতি এবং দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	১৯-২৩ জুলাই এবং ২৬-৩০ জুলাই ২০২৬	৪০ জন
	২.	কমিশনের গোয়েন্দা ও এনফোর্সমেন্ট ইউনিটের কার্যক্রম গতিশীল ও যুগোপযোগীকরণ সংক্রান্ত কর্মশালা	১৪ জুলাই ২০২৬	২৩ জন
	৩.	ক্যাপিটাল মার্কেট ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরণ বিষয়ক কর্মশালা	২৭ জুলাই ২০২৬	২৫ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ শুরু করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
-	-	-	-	-

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	Blue Economic Development for Bangladesh শীর্ষক প্রশিক্ষণ	১৫-২৮ জুলাই ২০২৬	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৩ জন
	২.	Capacity Development Training on Digital Transformation for public Offices	৭-৯ জুলাই ২০২৬	এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক	২ জন
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: মন্ত্রিপরিষদ বিভাগের ৩ জন এবং দুদকের ২ জন মোট ৫ জন।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সাতটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পাঁচটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২১টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৯টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১৭টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৫০টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৬২টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ২০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) জুলাই ২০২৬ মাসে The Building Construction Act, 1952 এবং The Town Improvement Act, 1953 পর্যালোচনা ও সুপারিশ প্রণয়নের জন্য কমিটি, প্রবাসীবান্ধব সেবা নিশ্চিতকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি, জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটি (ইসিএনটিসি), জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল (এনটিসি), রোহিঙ্গা বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়ন কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে সদস্য অন্তর্ভুক্তকরণ, জাহাজ শিল্প সংক্রান্ত বিদ্যমান আইন, বিধি, নীতিমালা ও সংশ্লিষ্ট বিষয়াদি পর্যলোচনা

এবং সুপারিশ প্রণয়নের জন্য কমিটি, মোবাইল কোর্টের কার্যকারিতা বৃদ্ধিকল্পে সুপারিশ প্রণয়ন কমিটি এবং Visa Policy 2026-এর খসড়া পরিমার্জন ও চূড়ান্ত করার জন্য মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে।

(৫) জুলাই ২০২৬ মাসে সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬-এর খসড়া পর্যালোচনা ও চূড়ান্ত করার জন্য মন্ত্রিসভা কমিটি এবং সরকারি ক্রয় কার্যক্রমকে অধিক ফলপ্রসু ও অর্থবহ করার সুপারিশ প্রদানের নিমিত্ত কমিটি পুনর্গঠন করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৯টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৫টি আইন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(৭) ১ জুলাই ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২১তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) ১৬ জুলাই ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রাক-নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৯) সরকার জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মিজ্ আইরিন খানকে প্রতিমন্ত্রীর পদমর্যাদা প্রদান করেছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৮ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) পুনরাদেশ না দেয়া পর্যন্ত ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশন চলাকালে দায়িত্বপ্রাপ্ত এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর যুগপৎ অনুপস্থিতিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী জনাব মোঃ আসাদুজ্জামান এবং তাঁর অনুপস্থিতিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী জনাব সালাহউদ্দিন আহমদ জাতীয় সংসদে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রশ্নোত্তর প্রদান এবং সংসদ সম্পর্কিত কার্যাবলি সম্পাদন করবেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৬ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন ২৪ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশের সংবিধানের ৫০(৩) অনুচ্ছেদ অনুযায়ী স্বীয় পদ ত্যাগ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৪ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১২) ১৪ জুলাই ২০২৬ তারিখে কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে রাষ্ট্রীয়ভাবে শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(১৩) Rules of Business, 1996 এবং এর অধীন Schedule-I Allocation of Business (কার্যতালিকা) সংশোধনে নির্দেশনা সংক্রান্ত পরিপত্র গত ১৪ জুলাই ২০২৬ তারিখে জারি করা হয়েছে।

(১৪) রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন ২৪ জুলাই ২০২৬ তারিখে রাষ্ট্রপতির পদ ত্যাগ করায় বাংলাদেশের সংবিধানের ৫৪ অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার জনাব হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৪ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৫) জুলাই ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১২টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৫টি, পুনঃতদন্তের জন্য ২টি এবং পত্রিকা কাটিং ২টিসহ মোট ২১টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) জুলাই ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১৮টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১১টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। ১টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। সরাসরি দাখিলকৃত ৫টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৭) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুন দ্বিতীয় এবং জুলাই প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৮) 'জাতীয় মৎস্য পক্ষ ২০২৬' সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত কমিশনার ঢাকা; জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এবং উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'নজরুল' বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্ম পরিকল্পনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) কোল্ড স্টোরেজসমূহের আলু সংরক্ষণের জন্য কেজি প্রতি ভাড়ার সর্বোচ্চ সীমা নির্ধারণের নিমিত্ত গঠিত সুপারিশ প্রণয়ন কমিটিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) গবাদি পশুর বিট/খাটাল স্থাপনের অনুমতি প্রদানের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) সরকারি স্থাপনাসমূহে প্রতিবন্ধী/বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের চলাচলের সুবিধা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) জুলাই ২০২৬ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে কমিশনার এবং সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। জুলাই ২০২৬ মাসের কমিশনার মাসিক সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(২৫) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত জুন ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৬) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ২৪ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮ এর আওতায় ২০২৪ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) গ্যাসের অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রমে জেলা প্রশাসনের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের সহযাগিতা প্রদান সংক্রান্ত বিষয়ে সকল জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(২৯) ৭ জুলাই ২০২৬ তারিখে টেকসই উন্নয়ন অভীষ্ট-১৬ সমন্বয় ও পরিবীক্ষণ কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩০) সড়ক বিভাগ, দিনাজপুর কর্তৃক বিসিক জেলা কার্যালয়, দিনাজপুরের অফিস ভবনসহ শিল্পনগরীর কয়েকটি শিল্প ইউনিট জোরপূর্বক ভেঙ্গে ফেলায় ক্ষতিপূরণ প্রদান এবং সীমানা নির্ধারণসহ সার্বিক বিষয়ে করণীয় নির্ধারণে 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র সভা ১২ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩১) The Hague Convention on the Civil Aspects of International Child Abduction, 1980'-এ বাংলাদেশের পক্ষভুক্তির প্রসঙ্গে 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র সভা ১৫ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩২) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩০ জুলাই ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ২৭,০১০টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ১৮,১১৭টি, অভিযোগ নিষ্পত্তির হার ৬৭.০৮ শতাংশ।

(৩৩) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৬-২৭ প্রণয়ন করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(৩৪) ১৪ জুলাই ২০২৬ তারিখে টিকা প্রদান কার্যক্রম শক্তিশালীকরণে ইন্টিগ্রেটিড এবং ইন্টারঅপারেবল ডেটা এক্সচেঞ্জ প্ল্যাটফর্ম বাস্তবায়নে নীতিনির্ধারণী সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৫) ৭ জুলাই ২০২৬ তারিখে Bangla QR লেনদেন বাস্তবায়ন বিষয়ক মতবিনিময় সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

(৩৬) ২৮ জুলাই ২০২৬ তারিখে সরকারি দপ্তরে কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence-AI) টুল ব্যবহারে সতর্কতা অবলম্বনের লক্ষ্যে সকল সিনিয়র সচিব/সচিবের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(৩৭) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২৫-২৬ অর্থবছরের জুন ২০২৬ মাসের (আরএডিপি) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

গ. আগামী (আগস্ট - সেপ্টেম্বর ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২২তম সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা আয়োজন।

২০/০৮/২৬

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব